



# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা  
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/আরপি/ডিপি-২০২৪/পাট-১/২৫৮৭

তারিখ: ১৩/০৮/২০২৪

জনাব রঞ্জিত কুমার মন্ডল

আইডি# ১৫০৪

জেলা কর্মকর্তা (কমিউনিটি ফিন্যান্স)

রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিওরশীপ অ্যান্ড লাইভলিহুড ইম্প্রুভমেন্ট (আরইএলআই) প্রজেক্ট

জেলা অফিস, এসডিএফ, লালমনিরহাট।

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু, আপনি উল্লিখিত জেলার আরইএলআই-০১নং মাহেন্দ্রনগর ক্লাস্টারের সিংগাদার গ্রাম সমিতির সভাপতি মোছা: উম্মেহানি বাবলি কে নিজ মোটরসাইকেল-এ আরোহন করান এবং আরোহনকালে মোছা: উম্মেহানি বাবলি'র একান্ত ব্যক্তিগত ও শারীরিক বিষয়ে আলোচনা করেছেন, সিংগাদার গ্রাম সমিতির ভিসিও-এর ক্যাশিয়ার মোছা: লাইলী বেগম কে ক্লাস্টার পর্যায় মিটিং-এ তাঁর উরুতে চিমটি দিয়েছেন এবং খামার গোবিন্দরাম গ্রাম সমিতির যুব সদস্য জয়মনি রাণী কে বিভিন্ন ধরনের ম্যাসেজ দিতেন ও নিয়মিত কথা বলতেন যা যৌন হয়রানি, অফিস শৃঙ্খলা ভঙ্গ, আচরণ বিধি (Code of Conduct) লঙ্ঘন, কমিউনিটি অপারেশন ম্যানুয়াল (কম) নীতিমালা বহিঃভূত;

যেহেতু, আপনার দায়িত্বাধীন লালমনিরহাট জেলার আরইএলআই-০১নং মাহেন্দ্রনগর ক্লাস্টারের সিংগাদার গ্রাম সমিতির সভাপতি মোছা: উম্মেহানি বাবলি, নওদাবাস গ্রাম সমিতির ভিসিও-এর ক্যাশিয়ার মোছা: লাইলী বেগম, খামার গোবিন্দরাম গ্রাম সমিতির যুব সদস্য জয়মনি রাণী কর্তৃক আপনার বিরুদ্ধে যৌন হয়রানির (১টি লিখিত ও ২টি মৌখিক) অভিযোগ রয়েছে;


যেহেতু, উল্লিখিত অভিযোগের বিষয়ে ক্লাস্টার পর্যায়ে বিশৃঙ্খলা/নেতিবাচক প্রভাব দেখা দিলে আরইএলআই-০১নং মাহেন্দ্রনগর ক্লাস্টারে ক্লাস্টার ও জেলা টিমের সম্মুখে বিগত ১৮/০৩/২০২৪ তারিখে আপনার লিখিত অঙ্গীকারটি হচ্ছে “ভবিষ্যতে আমার দ্বারা যদি নারী ঘটিত কোন অসত কথা বা আচরণ করিব না। আমার দ্বারায় যদি পুনরায় এ ধরনের অভিযোগে অভিযুক্ত হই তাহলে প্রতিষ্ঠানের আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিলে আমার কোন রকম আপত্তি থাকবে না”;

যেহেতু, উল্লিখিত ঘটনা সমূহের বিষয়ে আঞ্চলিক ও জেলা অফিসের কর্মকর্তাদের সমন্বয়ে পরিচালিত তদন্তে উল্লিখিত ঘটনার সত্যতা পাওয়া গিয়েছে যা অফিস শৃঙ্খলা ভঙ্গ, আচরণ বিধি (Code of Conduct) লঙ্ঘন, ‘কম’ এর নীতিমালা বহিঃভূত;

যেহেতু, সংস্থার আচরণ বিধি (Code of Conduct) মেনে চলবেন মর্মে বিগত ২৯/১২/২০২২ তারিখে আপনার স্বাক্ষরিত অঙ্গীকার রয়েছে;

যেহেতু, আপনার এহেন যৌন হয়রানি, অফিস শৃঙ্খলা ভঙ্গ, আচরণ বিধি (Code of Conduct) লঙ্ঘন, ‘কম’ এর নীতিমালা লঙ্ঘন, সঠিকভাবে দায়িত্ব পালনে চরম অবহেলা, সংস্থার ভাবমূর্তিস্কুন্ন করা ইত্যাদি বিধি বহিঃভূত কর্মকাণ্ডসমূহ এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক গুরুতর অসদাচরণের সামিল এবং উল্লিখিত Manual অনুযায়ী বরখাস্তকরণসহ অন্যান্য শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, বর্ণিত কারণে এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক আপনাকে কেন বরখাস্ত অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবেনা তার কারণ আগামী ২৫/০৮/২০২৪ তারিখের মধ্যে লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণের জন্য বলা হলো। অন্যথায়, বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে একতরফাভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
২৩-০৮-২৪

এস. এম. তওফিকুর রহমান

মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ



অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, রংপুর অঞ্চল।
- ৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, লালমনিরহাট।
- ৪) অফিস কপি।